মেহেরপুরে ট্রাক্টরের ধাক্কায় আহত রিক্সা চালকের মৃত্যু

মেহেরপুর পৌর ভূমি অফিসের সামনে ট্রাক্টরের ধাক্কায় রিক্সা চালক মো. কালু মিয়া (৫৩) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। আজ মঙ্গলবার (৯ জানুয়ারি) ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

গতকাল সোমবার (৮ জানুয়ারি) বেলা ১২ টা ২০ মিনিটের সময় পৌর ভূমি অফিসের সামনে এই দুর্ঘটনা ঘটে। মোঃ কালু মিয়া (৫৩), সদর উপজেলা গোভিপুর ভিটাপাড়া গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

স্থানীয়রা জানায় পৌর ভূমি অফিসের সামনে রিক্সার চালক মোঃ কালু
(৫৩) তার নিজ রিক্সার নিয়ে দাড়িয়ে ছিলো অপর দিক থেকে আসা ট্রাক্টর চালক রায়হান (৩৫) নিয়ন্ত্রণ হারিয়ে রিক্সার চালক কালুর রিক্সাসহ তার শরীরে উঠিয়ে দিয়ে এতে রিকশাটি দুমড়ে-মুচড়ে চালক কালু মিয়া আহত হন। এসময় সে জ্ঞান হারিয়ে রাস্তায় পড়ে থাকে আমরা স্থানীরা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে (রামেক) রেফার্ড করলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

পারবারিক সূত্রের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেছেন।

এ ঘটনায় ট্রাক্টরের চালক রায়হান (৩৫)কে আটক করে সদর থানা হেফাজতে রাখা হয়েছে।